মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
সম্প্রসারিত টিকাদান কর্মসূচি (ইপিআই)
মহাখালী, ঢাকা-১২১২

স্মারক নং-স্বাঃঅধিঃ/ইপিআই/ফিল্ড সার্ভিস-০০৫/প্রশিক্ষণ/এইচপিভি/২০২৪/৭৮৬০ তারিখ ঃ ১৬/১০/২০২৪ খ্রিঃ।

বরাবর
সিভিল সার্জন (কুমিল্লা, ফেনী, ব্রাহ্মনবাড়িয়া, রাঙ্গামাটি, নোয়াখালী, চাঁদপুর, লক্ষীপুর, চট্টগ্রাম, কক্সবাজার, খাগড়াছড়ি, বান্দরবান, সিরাজগঞ্জ, পাবনা, বগুড়া, রাজশাহী, নাটোর, জয়পুরহাট, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ, যশোর, সাতক্ষীরা, মেহেরপুর, নড়াইল, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মাগুরা, খুলনা, বাগেরহাট, ঝিনাইদহ, ঝালকাঠি, পটুয়াখালী, পিরোজপুর, বরিশাল, ভোলা, বরগুনা, সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ, সুনামগঞ্জ, পঞ্চগড়, দিনাজপুর, লালমনিরহাট, নীলফামারী, গাইবান্ধা, ঠাকুরগাঁও, রংপুর, কুড়িগ্রাম, শেরপুর, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোণা) জেলা

প্রধান স্বাস্থ্য কর্মকর্তা (বরিশাল, চট্টগ্রাম, কুমিল্লা, খুলনা, রাজশাহী, রংপুর, সিলেট ও ময়মনসিংহ সিটি করপোরেশন)

**বিষয়ঃ এইচপিভি টিকাদান ক্যাম্পেইন ২০২৪ চলাকালে রেজিস্ট্রেশন সংক্রান্ত জটিলতার কারণে কিশোরীদের টিকা নিশ্চিতকরণ সংক্রান্ত নির্দেশনা প্রসংগে।**

উপর্যুক্ত বিষয় এবং সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধে বাংলাদেশ সরকার আগামি ২৪ অক্টোবর ২০২৪ থেকে ২৪ নভেম্বর ২০২৪ (আগামি ২৪ অক্টোবর থেকে ০৭ নভেম্বর শিক্ষা প্রতিষ্ঠানে, ০৯ নভেম্বর থেকে ২৪ নভেম্বর কমিউনিটিতে) নাগাদ দেশের ০৭টি বিভাগের সকল সিটি করপোরেশন/ জেলা/ উপজেলা/ পৌরসভার শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ৫ম-৯ম শ্রেণি বা সমমানের ছাত্রী এবং শিক্ষা প্রতিষ্ঠান বহির্ভূত ১০-১৪ বছর বয়সী কিশোরীদেরকে ক্যাম্পেইন আকারে ১ ডোজ এইচপিভি ভ্যাকসিন প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

উদ্দিষ্ট জনগোষ্ঠীকে তাদের ১৭ ডিজিটের জন্ম নিবন্ধন নম্বর দ্বারা ইপিআই ভ্যাকসিনেশন অ্যাপ VaxEPI (https://vaxepi.gov.bd) এর মাধ্যমে রেজিস্ট্রেশন করতে হবে এবং টিকা গ্রহণের জন্যে টিকার কার্ড ডাউনলোড করে নিয়ে টিকাকেন্দ্রে আসতে হবে। অনলাইন রেজিস্ট্রেশন ব্যতীত টিকা প্রদান করা যাবে না। ইতোমধ্যে VaxEPI অ্যাপ এর মাধ্যমে অনলাইন নিবন্ধন শুরু হয়েছে। যেসকল শিক্ষার্থী/ কিশোরী অনলাইনে রেজিস্ট্রেশন করতে সমস্যার সম্মুখীন হবেন, তাঁদের ক্ষেত্রে MIS এর সাথে যোগাযোগ পূর্বক হোয়াইট লিস্টিং/ লাইন লিস্টিং এর মাধ্যমে রেজিস্ট্রেশন পূর্বক টিকা প্রদান করা যাবে। স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিক কেন্দ্রে টিকা প্রদান করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠান বহির্ভূত কিশোরী যাদের জন্মনিবন্ধন নেই তাদেরকে লাইন লিস্টিং এর মাধ্যমে টিকা প্রদান করা যাবে।

- যাদের ভ্যাক্সইপিআই টিকা কার্ড আছে তাদেরকে টিকা কার্ড নিয়ে আসা সাপেক্ষে বর্তমান নিয়মানুযায়ী টিকা প্রদান করে QR কোড স্ক্যানিং করতে হবে
- বয়সসীমার মধ্যে কিন্তু ভ্যাক্সইপিআই টিকা কার্ড নেই তাদেরকে ১৩ ডিজিট জন্ম নিবন্ধন নাম্বার/ ইপিআই কার্ড/ শিক্ষা প্রতিষ্ঠান আইডি/ সুবর্ন কার্ড/ পাসপোর্ট ইত্যাদি যাচাই সাপেক্ষে টিকা প্রদান করতে হবে।
- যেসব কিশোরীদের বয়স নির্ধারনের জন্য কোন প্রকার আইডি/তথ্য নেই তাদেরকে টিকাদানকারী উর্ধ্বতন কর্তৃপক্ষের (১ম/২য় সারির সুপারভাইজার) তত্ত্বাবধানে বয়স নির্ধারণ পূর্বক টিকা প্রদান করবেন।
- উপরোক্ত নির্দেশনায় বর্ণিত ছাত্রী/ কিশোরীদের টিকা প্রদানের সময় এমআইএস প্রদত্ত লাইন লিস্টিং ফরম্যাটে প্রয়োজনীয় তথ্যাদি প্রদানের মাধ্যমে তালিকাভুক্ত করবেন এবং লাইন লিস্টিং (হার্ড কপি ডাকযোগে, সফট কপি vaxepi@mis.dghs.gov.bd ই-মেইলে) এমআইএস বরাবর পাঠাতে হবে এবং এসব কিশোরীদেরকে সরবরাহকৃত হার্ড কপি এইচপিভি টিকা কার্ড প্রদান করতে হবে।
- লাইন লিস্টিং এর মাধ্যমে প্রদানকৃত টিকা গ্রহীতার সনদ প্রাপ্তির জন্যে প্রয়োজনীয় ব্যবস্থা স্ব-স্ব শিক্ষা-প্রতিষ্ঠান (শিক্ষা প্রতিষ্ঠান ক্যাম্পেইনের ক্ষেত্রে) এবং অভিভাবকগণ/ নিকটবর্তী স্বাস্থ্যকেন্দ্র (কমিউনিটি ক্যাম্পেইনের ক্ষেত্রে) নিশ্চিত করবেন।

পত্রে উল্লিখিত তারিখে উপরোক্ত কার্যক্রমের সঠিক ব্যবহারের মাধ্যমে "**এইচপিভি টিকাদান ক্যাম্পেইন ২০২৪**" সফলভাবে বাস্তবায়ন করার জন্য আপনাকে আন্তরিকভাবে অনুরোধ করা হল। ইপিআই কর্মসূচিতে আপনাদের সর্বাত্মক সহযোগিতা সব সময়ই প্রশংসনীয়।

সংযুক্তিঃ
১। লাইন লিস্টিং ফরম্যাট

(ডা. মোহাম্মদ নিজাম উদ্দিন)
পরিচালক ও লাইন ডাইরেক্টর (এমএনসিএন্ডএএইচ)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
প্রশাসন শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০১.৫০.০০১.১৮-৩৪৯ তারিখ: ১৩ কার্তিক, ১৪৩১ / ২৯ অক্টোবর, ২০২৪

উপরিউক্ত নির্দেশনার প্রেক্ষিতে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে

২৯/১০/২৪
মোঃ জাকির হোসাইন
উপ পরিচালক (প্রশাসন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

অধ্যক্ষ/সুপার/এবতেদায়ী প্রধান ........(সকল মাদ্রাসা)

বিতরণ:
১। জেলা প্রশাসক.... (সকল)
২। উপজেলা নির্বাহী অফিসার... (সকল)
৩। জেলা শিক্ষা অফিসার.... (সকল)
৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার... (সকল)
} তার আওতাধীন সকল মাদ্রাসায় উল্লিখিত নির্দেশনা অনুসরণ করার অনুরোধসহ।

সদয় অনুলিপি:
১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারি, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
সম্প্রসারিত টিকাদান কর্মসূচি (ইপিআই)
মহাখালী, ঢাকা-১২১২

স্মারক নং-স্বাঃঅধিঃ/ইপিআই/ফিল্ড সার্ভিস-০০৫/প্রশিক্ষণ/এইচপিভি/২০২৪/২৮৬০ তারিখ: ২৬/১০/২০২৪ খ্রিঃ।

বরাবর
সিভিল সার্জন (কুমিল্লা, ফেনী, ব্রাহ্মণবাড়িয়া, রাঙ্গামাটি, নোয়াখালী, চাঁদপুর, লক্ষ্মীপুর, চট্টগ্রাম, কক্সবাজার, খাগড়াছড়ি, বান্দরবান, সিরাজগঞ্জ, পাবনা, বগুড়া, রাজশাহী, নাটোর, জয়পুরহাট, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ, যশোর, সাতক্ষীরা, মেহেরপুর, নড়াইল, চুয়াডাঙ্গা, কুষ্টিয়া, মাগুরা, খুলনা, বাগেরহাট, ঝিনাইদহ, ঝালকাঠি, পটুয়াখালী, পিরোজপুর, বরিশাল, ভোলা, বরগুনা, সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ, সুনামগঞ্জ, পঞ্চগড়, দিনাজপুর, লালমনিরহাট, নীলফামারী, গাইবান্ধা, ঠাকুরগাঁও, রংপুর, কুড়িগ্রাম, শেরপুর, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোণা) জেলা

প্রধান স্বাস্থ্য কর্মকর্তা (বরিশাল, চট্টগ্রাম, কুমিল্লা, খুলনা, রাজশাহী, রংপুর, সিলেট ও ময়মনসিংহ সিটি করপোরেশন)

**বিষয়ঃ এইচপিভি টিকাদান ক্যাম্পেইন ২০২৪ চলাকালে রেজিস্ট্রেশন সংক্রান্ত জটিলতার কারণে কিশোরীদের টিকা নিশ্চিতকরণ সংক্রান্ত নির্দেশনা প্রসংগে।**

উপর্যুক্ত বিষয় এবং সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, জরায়ুমুখ ক্যান্সার প্রতিরোধে বাংলাদেশ সরকার আগামি ২৪ অক্টোবর ২০২৪ থেকে ২৪ নভেম্বর ২০২৪ (আগামি ২৪ অক্টোবর থেকে ০৭ নভেম্বর শিক্ষা প্রতিষ্ঠানে, ০৯ নভেম্বর থেকে ২৪ নভেম্বর কমিউনিটিতে) নাগাদ দেশের ০৭টি বিভাগের সকল সিটি করপোরেশন/ জেলা/ উপজেলা/ পৌরসভার শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ৫ম-৯ম শ্রেণি বা সমমানের ছাত্রী এবং শিক্ষা প্রতিষ্ঠান বহির্ভূত ১০-১৪ বছর বয়সী কিশোরীদেরকে ক্যাম্পেইন আকারে ১ ডোজ এইচপিভি ভ্যাকসিন প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

উদ্দিষ্ট জনগোষ্ঠীকে তাদের ১৭ ডিজিটের জন্ম নিবন্ধন নম্বর দ্বারা ইপিআই ভ্যাকসিনেশন অ্যাপ VaxEPI (https://vaxepi.gov.bd) এর মাধ্যমে রেজিস্ট্রেশন করতে হবে এবং টিকা গ্রহণের জন্যে টিকার কার্ড ডাউনলোড করে নিয়ে টিকাকেন্দ্রে আসতে হবে। অনলাইন রেজিস্ট্রেশন ব্যতীত টিকা প্রদান করা যাবে না। ইতোমধ্যে VaxEPI অ্যাপ এর মাধ্যমে অনলাইন নিবন্ধন শুরু হয়েছে। যেসকল শিক্ষার্থী/ কিশোরী অনলাইনে রেজিস্ট্রেশন করতে সমস্যার সম্মুখীন হবেন, তাঁদের ক্ষেত্রে MIS এর সাথে যোগাযোগ পূর্বক হোয়াইট লিস্টিং/ লাইন লিস্টিং এর মাধ্যমে রেজিস্ট্রেশন পূর্বক টিকা প্রদান করা যাবে। স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিক কেন্দ্রে টিকা প্রদান করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠান বহির্ভূত কিশোরী যাদের জন্মনিবন্ধন নেই তাদেরকে লাইন লিস্টিং এর মাধ্যমে টিকা প্রদান করা যাবে।

- যাদের ভ্যাক্সইপিআই টিকা কার্ড আছে তাদেরকে টিকা কার্ড নিয়ে আসা সাপেক্ষে বর্তমান নিয়মানুযায়ী টিকা প্রদান করে QR কোড স্ক্যানিং করতে হবে
- বয়সসীমার মধ্যে কিন্তু ভ্যাক্সইপিআই টিকা কার্ড নেই তাদেরকে ১৩ ডিজিট জন্ম নিবন্ধন নাম্বার/ ইপিআই কার্ড/ শিক্ষা প্রতিষ্ঠান আইডি/ সুবর্ণ কার্ড/ পাসপোর্ট ইত্যাদি যাচাই সাপেক্ষে টিকা প্রদান করতে হবে।
- যেসব কিশোরীদের বয়স নির্ধারণের জন্য কোন প্রকার আইডি/তথ্য নেই তাদেরকে টিকাদানকারী উর্ধ্বতন কর্তৃপক্ষের (১ম/২য় সারির সুপারভাইজার) তত্ত্বাবধানে বয়স নির্ধারণ পূর্বক টিকা প্রদান করবেন।
- উপরোক্ত নির্দেশনায় বর্ণিত ছাত্রী/ কিশোরীদের টিকা প্রদানের সময় এমআইএস প্রদত্ত লাইন লিস্টিং ফরম্যাটে প্রয়োজনীয় তথ্যাদি প্রদানের মাধ্যমে তালিকাভুক্ত করবেন এবং লাইন লিস্টিং (হার্ড কপি ডাকযোগে, সফট কপি vaxepi@mis.dghs.gov.bd ই-মেইলে) এমআইএস বরাবর পাঠাতে হবে এবং এসব কিশোরীদেরকে সরবরাহকৃত হার্ড কপি এইচপিভি টিকা কার্ড প্রদান করতে হবে।
- লাইন লিস্টিং এর মাধ্যমে প্রদানকৃত টিকা গ্রহীতার সনদ প্রাপ্তির জন্যে প্রয়োজনীয় ব্যবস্থা স্ব-স্ব শিক্ষা-প্রতিষ্ঠান (শিক্ষা প্রতিষ্ঠান ক্যাম্পেইনের ক্ষেত্রে) এবং অভিভাবকগণ/ নিকটবর্তী স্বাস্থ্যকেন্দ্র (কমিউনিটি ক্যাম্পেইনের ক্ষেত্রে) নিশ্চিত করবেন।

পত্রে উল্লিখিত তারিখে উপরোক্ত কার্যক্রমের সঠিক ব্যবহারের মাধ্যমে **"এইচপিভি টিকাদান ক্যাম্পেইন ২০২৪"** সফলভাবে বাস্তবায়ন করার জন্য আপনাকে আন্তরিকভাবে অনুরোধ করা হল। ইপিআই কর্মসূচিতে আপনাদের সর্বাত্মক সহযোগিতা সব সময়ই প্রশংসনীয়।

সংযুক্তিঃ
১। লাইন লিস্টিং ফরম্যাট

(ডা. মোহাম্মদ নিজাম উদ্দিন)
পরিচালক ও লাইন ডাইরেক্টর (এমএনসিএন্ডএএইচ)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা | স্বাক্ষর
প্রাপ্তি নং ২২৫৪
তারিখ ২৮/১০/২৪
পরিচালক (প্রশাসন / অর্থ/প্রশিক্ষণ ও উন্নয়ন)
উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ/প্রশিক্ষণ ও উন্নয়ন)
সহকারী পরিচালক (সং ও সিনিঃ মাদ্রাসা/প্রশাসন) দাখিল ও এবং মাদ্রাসা অর্থ/অডিঃ ও আইন/ প্রশিঃ ও শারীঃ গবেষণা ও উন্নয়ন
নথিতে দিন
মহা-পরিচালক

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
পরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর

| ডকেটনম্বর: | তাং |
|---|---|
| উপ-পরিচালক (প্র) | পরিদর্শক (ব) |
| উপ-পরিচালক (অ) | পরিদর্শক (রা) |
| সহকারী পরিচালক (প্র) | পরিদর্শক (বং) |
| সহকারী পরিচালক (সি) | পরিদর্শক (খু) |
| সহকারী পরিচালক (দা.এ) | পরিদর্শক (ময়) |
| পরিদর্শক (ঢা ও সি) | পরিচালক |
| পরিদর্শক (চট্ট) | |

# এইচপিভি টিকাদান ক্যাম্পেইনে রেজিস্ট্রেশন করতে না পারা কিশোরীদের লাইন লিস্টিং ফরম্যাট

| | |
|---|---|
| বিভাগ | |
| জেলা/ সিটি কর্পোরেশন | |
| উপজেলা/জোন | |
| পৌরসভা | |
| ইউনিয়ন | |
| ওয়ার্ড | |

| তারিখঃ | |
|---|---|

| | | | | | শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য | | | | কমিউনিটির ক্ষেত্রে প্রযোজ্য | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রমিক নং | নাম | জন্ম তারিখ | পিতার/মাতার/ অভিভাবকের নাম | পিতার/মাতার/ অভিভাবকের মোবাইল নম্বর | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | উপজেলা/সিসি জোন | ইউনিয়ন | ওয়ার্ড | টিকাদান কেন্দ্রের নাম | উপজেলা/সিসি জোন | ইউনিয়ন | ওয়ার্ড |
| | (আবশ্যক) | আবশ্যক | আবশ্যক | আবশ্যক | শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ৫ম থেকে ৯ম শ্রেণীর ছাত্রীদের ক্ষেত্রে আবশ্যক | | | | শিক্ষা প্রতিষ্ঠান বহির্ভূত ১০ থেকে ১৪ বছর বয়সী কিশোরীদের ক্ষেত্রে আবশ্যক | | | |
| ১ | | | | | | | | | | | | |
| ২ | | | | | | | | | | | | |
| ৩ | | | | | | | | | | | | |
| ৪ | | | | | | | | | | | | |
| ৫ | | | | | | | | | | | | |
| ৬ | | | | | | | | | | | | |
| ৭ | | | | | | | | | | | | |
| ৮ | | | | | | | | | | | | |
| ৯ | | | | | | | | | | | | |
| ১০ | | | | | | | | | | | | |